

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাজেট শাখা
www.shed.gov.bd

স্মারক নং ৩৭.০০.০০০০.০৬৪.০১.০১৫.১৪-১০০

তারিখ ৩১ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ
১৪ মে ২০১৮ খ্রি:প্রেরকঃ মোঃ ফজলুর রহমান
সিনিয়র সহকারী সচিবপ্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
শিক্ষা মন্ত্রণালয়
৪৫, পুরানা পল্টন, ঢাকা।

আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, চলতি ২০১৭-২০১৮ অর্থবছরের সংশোধিত বাজেটে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন '৩-২৫০১-০০০১-৬৬০২-বিশেষ কর্মসূচি' খাতে বরাদ্দকৃত ৬,৬৩,০৩,০০০/- (ছয় কোটি তেরটি লক্ষ তিন হাজার) টাকা হতে ২,০০,০০,০০০/- (দুই কোটি) টাকা ভারতের পশ্চিম বঙ্গের বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের শান্তি নিকেতন ক্যাম্পাসে নির্মাণাধীন "বাংলাদেশ ভবন" উদ্বোধন কার্যক্রমের সময় লাইব্রেরী, ক্যাফেটেরিয়া এবং জাদুঘর সজ্জিতকরণসহ অন্যান্য কার্যক্রমের অংশিক সংস্কৃতিক বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক স্থানীয়ভাবে সম্পাদনের ব্যয় নির্বাহ বাবদ নিম্নেবর্ণিত শর্তে বরাদ্দ প্রদান ও অগ্রিম উত্তোলনে সরকার সম্মত হয়েছে:

শর্তসমূহ:

- বরাদ্দকৃত এ অর্থ চলতি ২০১৭-১৮ অর্থবছরের সংশোধিত বাজেটে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অনুকূলে "৩-২৫০১-০০০১ - ৪৮৯৮-বিশেষ ব্যয়" খাতে সমন্বয়সহ প্রতিফলন নিশ্চিত করতে হবে;
- বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে সরকারের প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান ও নিয়মাচার যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- অগ্রিম উত্তোলিত অর্থ আগামী ৩০ জুন ২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে বিল ভাউচারের মাধ্যমে সমন্বয় করতে হবে;
- সংস্কৃতিক বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ব্যয়িত অর্থের বিল ভাউচার ১৪ জুন ২০১৮ তারিখের মধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে দাখিল করতে হবে ;
- অব্যয়িত অর্থ ৩০ জুন ২০১৮ তারিখের মধ্যে অবশ্যই সমর্পণ/সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে ।

০২। উক্ত ২,০০,০০,০০০/- (দুই কোটি) টাকা হিসাব রক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বিলের মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব (শাখা-৩)-এর প্রতিস্বাক্ষরে প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা থেকে অগ্রিম উত্তোলন করে ভারপ্রাপ্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অনুকূলে চেকের মাধ্যমে প্রদান করবেন।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

(মোঃ ফজলুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫১২২০৫

ই-মেইল: moebudgetsection@gmail.comতারিখ ৩১ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ
১৪ মে ২০১৮ খ্রি:

স্মারক নং ৩৭.০০.০০০০.০৬৪.০১.০১৫.১৪- ১০০

সরকারি আদেশটি পৃষ্ঠাংকনপূর্বক প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা এর নিকট প্রেরণের জন্য ০২ (দুই) কপি অর্থ বিভাগে (উপ-সচিব, বাজেট অধিশাখা-২) প্রেরণ করা হলো।

(মোঃ ফজলুর রহমান)
সিনিয়র সহকারী সচিব

স্মারক নং ০৭.০০.০০০০.১০২.০২০.০০৮.২০১৪ -

তারিখঃ

সরকারি আদেশের প্রতিস্বাক্ষরিত ০১ (এক) কপি প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা-এর নিকট প্রেরণ হলো।

(তনিমা তাসমিন)
উপ- সচিব
বাজেট অধিশাখা-২
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।

স্মারক নং ৩৭.০০.০০০০.০৬৪.০১.০১৫.১৪-১০০/১(৬)

তারিখ ৩১ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ
১৪ মে ২০১৮ খ্রি:

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

- ১। ভারপ্রাপ্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। উপসচিব, বাজেট অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৬। হিসাব রক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(মোঃ ফজলুর রহমান)
সিনিয়র সহকারী সচিব